

যোগমায়াদেবী কলেজ  
বাংলা স্নাতকোত্তর শাখা (কলিকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

শিক্ষার্থী ভর্তির প্রক্রিয়া : কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের তৃতীয় বর্ষের ফল প্রকাশের পর ভর্তি প্রক্রিয়া শুরু হবে ।

মোট আসন সংখ্যা : ৫০টি

সরাসরি মেধার ভিত্তিতে অনলাইন প্রক্রিয়ায় ভর্তি হবে ৬০% আসন।  
(সংরক্ষিত আসনের ক্ষেত্রে সরকারি নিয়মবিধি প্রযোজ্য )

যোগমায়াদেবী কলেজের ছাত্রীরা এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন অন্যান্য কলেজের ছাত্রীরা স্নাতক স্তরের পরীক্ষায় ন্যূনতম ৪০% পেলে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে । মেধাতালিকা কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে।

প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি হবে ৪০%টি আসন।  
(সংরক্ষিত আসনের ক্ষেত্রে সরকারি নিয়মবিধি প্রযোজ্য )

কলিকাতা বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা স্নাতক স্তরের পরীক্ষায় ন্যূনতম ৪০% পেলে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে ।

যোগমায়াদেবী কলেজের এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন অন্যান্য কলেজের ছাত্রীরা সরাসরি ভর্তির মেধাতালিকায় স্থান না পেলে প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

কলেজের ওয়েবসাইটে প্রবেশিকা পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে।

প্রবেশিকা পরীক্ষার পদ্ধতি :

মোট ৫০ মানের পরীক্ষা ।

সাহিত্যবিষয়ক প্রবন্ধ রচনা : ১টি - ১৫ মান (৩টি বিকল্প থাকবে )

সংক্ষিপ্ত টীকা : গ্রন্থবিষয়ক : ৫টি -- ২৫ মান (৭টি বিকল্প থাকবে)

এককথায় উত্তর : ১০টি -- ১০ মান (কোন বিকল্প থাকবে না)

যোগমায়াদেবী কলেজের বাংলা বিভাগের শিক্ষকেরা প্রশ্নপত্র গঠন ও উত্তরপত্র মূল্যায়নের দায়িত্বে থাকবেন ।

পরীক্ষার ৭ দিনের মধ্যে কলেজের ওয়েবসাইটে মেধাতালিকা প্রকাশিত হবে।

শিক্ষার্থীদের বার্ষিক টা. ১৫,০০০/- হিসাবে ২ বছরে মোট টা. ৩০,০০০/- দিতে হবে।  
ভর্তি প্রক্রিয়া বাবদ টা. ৭৫০/- হিসাবে ২ বছরে মোট টা. ১৫০০/- দিতে হবে ।